

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ, কে, খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০২৪.১৪.০০৪.১৩/ ২৯ (২)

তারিখঃ ০৪ / ০৩/২০১৫খ্রিঃ

বিষয় : বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ২০১৪-২০১৫ অর্থ বছরে “গ্রামীণ রাস্তায় ছোট ছোট (১২ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত) সেতু/কালভার্ট নির্মাণ (৩য় পর্যায়) (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণাধীন সেতু/কালভার্টের কাজ সমাপ্ত ও চূড়ান্ত প্রাক্কলন দাখিল প্রসংগে।

সূত্র : (ক) অত্র অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০২৪.১৪.০০৪.১৩/৩৪০, তারিখঃ ১১/০৫/২০১৪খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যাচ্ছে যে, “গ্রামীণ রাস্তায় ছোট ছোট (১২ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত) সেতু/কালভার্ট নির্মাণ (৩য় পর্যায়) (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অধীন উপজেলায় অনুমোদিত সেতু/কালভার্টের নির্মাণ কাজ পরিপত্রের অনুচ্ছেদ ২.৬ ও ৪.৩ মোতাবেক সর্বশেষ ১৫ই এপ্রিল/২০১৫ মধ্যে সমাপ্ত করে ৩০শে এপ্রিল /২০১৫ এর মধ্যে চূড়ান্ত প্রাক্কলন অত্র অধিদপ্তরে অবশ্যই দাখিল করতে হবে। একনেক কর্তৃক অনুমোদিত ডিপিপি ও মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাস্তবায়ন পরিপত্রের অনুচ্ছেদ ৪.৩ মোতাবেক কোনক্রমেই চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন ছাড়া সর্বশেষ কিস্তির অর্থ ছাড় করা হবে না। চূড়ান্ত প্রাক্কলন দাখিলের সময় সংগে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন করা যাবে না।

- (ক) চূড়ান্ত প্রাক্কলন হাস/বৃদ্ধি পাইলে উপজেলা হতে দেয়া পত্রে তাহার বিবরণ বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে।
- (খ) চূড়ান্ত প্রাক্কলন ০২(দুই) প্রস্থ দাখিল করতে হবে। প্রাক্কলনে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এর মূল স্বাক্ষর থাকবে, স্বাক্ষর ফটোকপি হলে গ্রহণযোগ্য হবে না।
- (গ) সেতু/কালভার্ট নির্মাণের স্বচ্ছ (Hard copy & Soft copy) রংগিন ছবি দাখিল করতে হবে যাতে ভীতের রডের ছবি, দেয়াল নির্মাণের পরের ছবি, টপ স্লাবের রডের ছবি সংশ্লিষ্ট থাকবে। কাজটি ১০০% সমাপ্ত হওয়ার পর দুই পার্শ্বের এ্যাপ্রোচ রোড এবং পাথরের নাম ফলকসহ সেতু/কালভার্টের একটি পরিপূর্ণ ছবি।
- (ঘ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে সেতুটির নির্মাণের বিষয়ে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ হয়েছে কিনা, কাজের গুনগতমান রক্ষা করা হয়েছে কিনা এবং সেতুটির সংযোগ রাস্তায় কাজ সমাপ্ত করণ পূর্বক যোগাযোগের উপযোগী করা হয়েছে কিনা এ বিষয়ে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।
- ২। উল্লেখিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করে প্রাক্কলন দাখিলে ব্যর্থ হলে এবং তার জন্য বরাদ্দকৃত অর্থ ভান্ডারি হলে এর দায়-দায়িত্ব অধিদপ্তর বহন করবে না।
- ৩। বিষয়টি অতীব জরুরী বলে বিবেচিত।



(মোহাম্মদ আবদুল ওয়াজেদ)
মহাপরিচালক ও প্রকল্প পরিচালক
(অতিরিক্ত সচিব)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোন: ৯৮৪১৫৮১
e-mail: dg@ddm.gov.bd

- ১। উপজেলা নির্বাহী অফিসার, জেলা-
- ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জেলা-

স্মারক নং-৫১.০১.০০০০.০২৪.১৪.০০৪.১৩/

তারিখঃ / ০৩/২০১৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক,
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,। তাকে যথাসময়ের চূড়ান্ত প্রাক্কলন দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, সেতু/কালভার্ট প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ৫। সংরক্ষণ নথি।

(মোঃ আব্দুল মাজেদ)
উপ- প্রকল্প পরিচালক